

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রশাসন-১ অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.৯৯.০২৩.২১-১৮৬


তারিখ: ১২-০৩-২০২৩ খ্রি.

অফিস আদেশ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সার্বিক তত্ত্বাবধানে মাঠ পর্যায়ে ত্রাণ কার্যক্রম পরিচালনাসহ বিভিন্ন ধরনের উন্নয়নমূলক প্রকল্প এবং সামাজিক নিরাপত্তার আওতায় বিভিন্ন কর্মসূচি চলমান রয়েছে। বাস্তবায়নাধীণ এ সকল প্রকল্পের কাজ সেরেজমিনে পরিদর্শন/মনিটরিংসহ তদারকি করার জন্য উপজেলা পর্যায়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/উপসহকারী প্রকৌশলীগণ মুখ্য ভূমিকা পালন করে থাকেন। ফলে গ্রামীণ পর্যায়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/উপসহকারী প্রকৌশলীগণকেই মোটর সাইকেল বা অন্য কোন বাহনযোগে এ সকল প্রকল্পের কাজ মনিটরিং করতে হয়। সম্প্রতি মোটরসাইকেল বা অন্যান্য যানবাহনে দুর্ঘটনার সংখ্যা আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। এতে অনেকেই মারাত্মকভাবে হতাহত হচ্ছে।


২. এমতাবস্থায়, বাস্তবতা ও উল্লিখিত আশঙ্কা বিবেচনায় এনে মাঠ পর্যায়ে মোটর সাইকেল বা অন্যান্য বাহনে ভ্রমণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা কঠোরভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ক. মোটরসাইকেল চালানোর সময় অবশ্যই হেলমেট ব্যবহার করতে হবে।
- খ. বৈধ লাইসেন্স ছাড়া কোন যানবাহন চালানো যাবে না।
- গ. সকল প্রকার যানবাহনের রোড পারমিটসহ যাবতীয় কাগজপত্র হালনাগাদ রাখতে হবে।
- ঘ. অন্য মনস্ক বা ক্লাস্তি নিয়ে যানবাহন চালানো যাবে না।
- ঙ. মোটর সাইকেলে চালকসহ ২ (দুই) জনের অতিরিক্ত ভ্রমণ করা যাবে না।
- চ. মোটরসাইকেল বা অন্য যানবাহন ভালভাবে পরীক্ষা করে কেবল ভ্রমণ উপযোগী হলেই ভ্রমণ করতে হবে। ত্রুটিপূর্ণ বা মেরামতযোগ্য বাহনে ভ্রমণ করা যাবে না।


(মোহাম্মদ শফিউর রহমান)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন: ০২-২২২২৬১৩৬০

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক / প্রকল্প পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল)।
৩. উপপরিচালক/উপপ্রকল্প পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. উপজেলা নির্বাহী অফিসার জেলা
৭. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)।
৮. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা..... জেলা.....।
৯. পি.এ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০. অফিস কপি।


(মোহাম্মদ শফিউর রহমান)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)